

জাবিতে শিক্ষার্থীর ঝুলন্ত মরদেহ, দরজা ভেঙে উদ্বার

জাবি প্রতিনিধি

৪ এপ্রিল ২০২৩ ০৯:২৫ পিএম |

আপডেট: ৪ এপ্রিল ২০২৩ ১০:৪৮

পিএম

13
Shares



আরাফাত সিয়াম

advertisement

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) মীর মশাররফ হোসেন হলের কক্ষ থেকে আরাফাত সিয়াম নামে এক শিক্ষার্থীর ঝুলন্ত মরদেহ উদ্বার করা হয়েছে।

আজ মঙ্গলবার সন্ধ্যা ৭টার হলের ১১৫/বি কক্ষ থেকে তার মরদেহ উদ্বার করা হয়। তিনি বিশ্ববিদ্যালয়ের পদার্থ বিজ্ঞান বিভাগের ৪৫ ব্যাচের শিক্ষার্থী। তার বাড়ি নীলফামারী জেলায়।

advertisement

প্রত্যক্ষদর্শীরা জানান, মাগরিবের নামাজের পর তার রূমে গিয়ে দরজায় নক করেন সহপাঠীরা। সাড়াশব্দ না পেয়ে জানালা দিয়ে দেখেন সিলিং ফ্যানের সঙ্গে ঝুলন্ত অবস্থায় আছে সিয়াম। পরে দরজা ভেঙে তাকে বিশ্ববিদ্যালয়ের চিকিৎসা কেন্দ্রে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন।

সিয়ামের বন্ধুদের সঙ্গে কথা বলে জানা গেছে, গত ৩ এপ্রিল তোরে সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে একটি ষ্ট্যাটাস দেন। সেখানে আধ্যাত্মিকতা চর্চার বিভিন্ন বিষয়, মৃত্যু, আত্মা, দেহ, জীবনের উদ্দেশ্য, মেডিটেশন ইত্যাদি নিয়ে বিশদভাবে আলোচনা করেছেন। আত্মহত্যার পর তার পড়ার টেবিলের ওপর ‘ডেথ: অ্যান ইনসাইড স্টোর’ নামে একটি বই পাওয়া গেছে।

advertisement

আরও পড়ুন: শেক্সবিতে সহকারী প্রষ্ঠার পদে রাদবদল

এ ব্যাপারে হল প্রভোষ্ট অধ্যাপক ড. ওবায়দুর রহমান বলেন, 'শিক্ষার্থীরা সিয়ামকে রূম থেকে ঝুলন্ত অবস্থায় উদ্ধার করে মেডিকেলে নিয়ে যায়। সেখানে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। '

এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের প্রষ্ঠার আস ম ফিরোজ উল হাসান বলেন, 'ওই ছাত্রের পরিবারের সদস্যদের সঙ্গে কথা হয়েছে। পরিবারের সদস্যরা আসলে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।'